



হাওলাদার মোঃ রকিবুল বারী  
যুগ্মসচিব ও পরিচালক (প্রশাসন ও অর্থ) বিকেএসপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের যুগ্মসচিব জনাব হাওলাদার মোঃ রকিবুল বারী, পরিচিতি নং- ৫৭৮২ গত ২৫ মার্চ, ২০১৮ তারিখে বিকেএসপি'র পরিচালক (প্রশাসন ও অর্থ) হিসেবে প্রেশনে যোগদান করেন। তিনি বাংলাদেশে সিভিল সার্ভিসের একাদশ ব্যাচের প্রশাসন ক্যাডারের একজন সদস্য। তিনি ১৯৬৯ সালে ৩১ জানুয়ারি বাগেরহাট জেলার সদর উপজেলায় যাত্রাপুর ইউনিয়নের বাজুয়া গ্রামের সম্ভ্রান্ত এক মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম জনাব মনছুর আলী হাওলাদার ও মাতার নাম মিসেস লতিফা বেগম। তিনি ১৯৮৫ সালে মূলধর সরকারী উচ্চ বিদ্যালয়, ফকিরহাট, বাগেরহাট থেকে এসএসসি এবং ১৯৮৭ সালে সরকারী পিসি কলেজ, বাগেরহাট থেকে বিজ্ঞান বিভাগে এইচএসসি পাশ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীন সরকারী বিএল বিশ্ববিদ্যালয় কলেজ থেকে সোশ্যাল সায়েন্স বিষয়ে স্নাতক ডিগ্রী এবং জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ে স্নাতোকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি বিপিএটিসিতে বুনিয়াদী প্রশিক্ষণ, বাংলাদেশ মিলিটারি একাডেমি থেকে ওরিয়েন্টেশন কোর্স, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর থেকে সার্ভে ও সেটেলমেন্ট কোর্স, নট্রামস বগুড়া থেকে কম্পিউটার প্রশিক্ষণ কোর্স এবং বিপিএটিসি থেকে এসিএডি কোর্স সম্পন্ন করেছেন। এছাড়াও তিনি ভারতের তেলঙ্গানা রাজ্যের হায়দারাবাদের এডমিনিস্ট্রিটিভ স্টাফ কলেজে অব ইন্ডিয়া থেকে **“Good Governance & Effective Public Admin for the Officers of BD”** প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেছেন। ১৯৯৩ সালের ০১ এপ্রিল বরিশাল বিভাগীয় কমিশনারের কার্যালয়ে সহকারী কমিশনার পদে যোগদানের মাধ্যমে কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে তিনি সহকারী কমিশনার হিসেবে পিরোজপুর কালেক্টরেট, সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কাউখালী ও স্বরূপকাঠি উপজেলায়, সিনিয়র সহকারী কমিশনার ও ১ম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে সাতক্ষীরা কালেক্টরেটে সহকারী পরিচালক হিসেবে ঢাকাস্থ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে, উপজলো নির্বাহী অফিসার হিসেবে যথাক্রমে খুলনা জেলার ডুমুরিয়া উপজেলায়, পটুয়াখালী জেলার দশমিনা উপজেলায়, ফরিদপুর জেলার নগরকান্দা উপজেলায়, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায়, অতিরিক্তি জেলা প্রশাসক হিসেবে নড়াইল জেলায়, প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে জেলা পরিষদ খুলনায় এবং জোনাল সেটেলমেন্ট অফিসার হিসেবে পটুয়াখালী ও ফরিদপুর জোনে কর্মরত ছিলেন। ২০১০ সালে ১৫ ডিসেম্বর তিনি উপ-সচিব এবং ২০১৭ সালে ২১ ডিসেম্বর যুগ্মসচিব হিসেবে পদোন্নতি প্রাপ্ত হন। কর্মজীবনে তিনি ভারত ও সৌদি আরব সফর করেছেন। ব্যক্তিগত জীবনে তিনি দুই সন্তানের গর্ভিত জনক।